

## জাতীয় বিশ্ববিদ্যালয় চালু হচ্ছে ৪ বছরের এলএলবি (অনার্স) কোর্স

### ■ ইত্তেফাক রিপোর্ট

কলেজগুলোতে ৪ বছর মেয়াদি এলএলবি (অনার্স) কোর্স চালুর সিদ্ধান্ত নিয়েছে জাতীয় বিশ্ববিদ্যালয়। গত বৃহস্পতিবার, গাজীপুরস্থ মূল ক্যাম্পাসের একাডেমিক ভবনে উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ এর সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের ৮৫তম সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ হতে অধিভুক্ত কলেজে এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ে অন ক্যাম্পাস এমবিএ ইনট্যুরিজম, এ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট কোর্স চালুর বিষয়েও সিদ্ধান্ত নেয়া হয়। একাডেমিক কাউন্সিলের এ সভায় অধ্যাপক মাহফুজা খানম, প্রফেসর ড. গাজী সাঈদ উদ্দিন, অধ্যাপক ড. এস এম মাহফুজুর রহমান, বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. আসলাম ভূইয়া, প্রফেসর ড. হাফিজ মুহম্মদ হাসান বাবু প্রমুখ উপস্থিত ছিলেন।